# Digital Innovation of RHD

সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকান্ড MIS এর মাধ্যমে ডিজিটাল পদ্ধতির আওতায় আনা হয়েছে। এতে বিভিন্ন ধরণের মডিউল আছে। মডিউলসমূহ হচ্ছে (১) Digital Archive System (DAS) (২) Tenderer Database Management System (TDMS) (৩ ) Online Road Network System (৪) e-GP (ইলেকট্রনিক-গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট) (৫) প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PRMS) (৬) Bridge Album (৭) Personal Datasheet/Web based Report with Printing facility (৮)PIMS- National ID, TIN, Driving License information integration (৯)CE, RHD Daily Meeting Schedule System (১০) SMS Gateway (১১) GIS Road Map (১২) Vehicle & Equipment Management System ( VEMS) (১৩) ই-ফাইল (১৪) এক্সেল লোড কন্ট্রোল স্টেশন (১৫) হাইওয়ে ডেভেলেপমেন্ট ম্যানেজমেন্ট (HDM) ইত্যাদি।

## ১. Digital Archive System (DAS)

সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)-এর বিভিন্ন দপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়, বিভিন্ন প্রকল্প, সেতুর প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ Available নথিসমূহ ডিজিটালাইজ করার জন্য ডিজিটাল আর্কাইভ সিস্টেম এ সংরক্ষন হচ্ছে। ফলে প্রয়োজনীয় নথিসমূহ সহজে এবং দ্রুত খুঁজে পাওয়া যাবে। ডিজিটাল আর্কাইভ করার মাধ্যমে নথির গোপনীয়তা সংরক্ষিত থাকবে। প্রাকৃতিক দুর্যোগের কারনে নষ্ট হওয়া বা দূর্ঘটনায় পুড়ে যাওয়া এমনকি সম্পূর্ণ রূপে ব্যবহারের অনুপযোগী ডকুমেন্ট সমূহ ব্যবহারের উপযোগী করে সংরক্ষণ করা সম্ভব । প্রয়োজন অনুযায়ী ডকুমেন্ট সমূহ Serching এর মাধ্যমে ব্যবহার করা যাবে ।

## ২. Tenderer Database Management System (TDMS)

সওজ অধিদপ্তরে ক্রয় কাজে অংশগ্রহণকারী ঠিকাদারগণের কর্মদক্ষতা সহজ, সঠিক, দ্রুত ও স্বচ্ছতার সাথে মূল্যায়ন করার নিমিত্তে ঠিকাদারগণের একটি পরিপূর্ণ ডাটাবেইজ তৈরী করা হয়েছে। ফলে দরপত্র মূল্যায়নের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

## ৩. Online Road Network System

অনলাইন রোড নেটওয়ার্ক সিস্টেম এ মহাসড়ক বা সড়কের ও সেতুর নম্বর , নাম, অবস্থান, দৈর্ঘ্য, প্রস্থ কয়েক সেকেন্ডই পাওয়া সম্ভব। একই সাথে সড়কের/সেতুর ট্রাফিক , সংস্কার, মেরামতের এর পূর্ন বিবরন পাওয়া যাবে এবং ব্যবহারকারী সড়কের/ সেতুর হালনাগাদকৃত ছবি দেখা যাবে। নির্বাচিত স্থান সমূহের দূরত্ব বা সর্বনিম্ন দূরত্ব ও গতিপথের পূর্ণ বিবরণ পাওয়া যাবে। নির্বাচিত স্থান সমূহের মধ্যে যাতায়াতের জন্য বিকল্প সড়ক সমূহ বেছে নিতে পারবে। নির্বাচিত অফিসের অধীন সড়ক, ব্রীজ, টোল প্লাজার তালিকাও পাওয়া যাবে।

## ৪. e-GP **(ইলেকট্রনিক-গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট)**

সরকারী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষে জিওবি অর্থায়নে গৃহীত উন্নয়ন ও অনুন্নয়ন খাতের সকল দরপত্র ই-জিপিতে প্রক্রিয়াকরণ ও অনুমোদন করা হচ্ছে । উল্লেখ্য আর্ন্তজাতিক দরপত্র এবং কনসালটেন্সি সার্ভিস ব্যতীত সকল উন্মুক্ত দরপত্র ই-জিপি পোর্টাল এর মাধ্যমে আহবান করা হয়। ৩০ জুন-২০১৯ পযর্ন্ত ২০,৮৫১টি দরপত্র আহবান করা হয় এবং ২০১৮-১৯ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরে ৪,৬২৯টি দরপত্র ই-জিপি পদ্ধতিতে প্রক্রিয়াকরণ করা হয়েছে এবং এ পর্যন্ত ১৫,৭৬৩টি কার্যাদেশ প্রদান করা হয়েছে ।

## ৫. Project Management System

বার্ষিক উন্নয়ন প্রকল্পের (ADP) পাশাপাশি সরকারী বরাদ্দকৃত প্রকল্প, উপ প্রকল্প এবং প্রকল্পের উপাদান এর তথ্য প্রজেক্ট মনিটরিং সিষ্টেম (PrMS) এর মাধ্যমে সংরক্ষণ ও মনিটরিং করা হয়। সওজ এর প্রধান কার্যালয় থেকে প্রতিটি প্রকল্পের আর্থিক করাদ্দ করা হয় এবং প্রকল্প অফিস থেকে প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রজেক্ট মনিটরিং সিষ্টেম এ সংরক্ষণ করা হয়। এর মাধ্যমে বার্ষিক উন্নয়ন প্রকল্প সমূহের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষন করা হয়।

## ৬. Bridge Album

সেতু অ্যালবাম প্রণয়ের লক্ষ্যে ২০০৮-২০০৯ সাল থেকে নির্মিতব্য সেতুর তথ্য, কারিগরী ও আর্থিক তথ্যদি সহ হালনাগাদ ছবিসম্বলিত তথ্য ভান্ডার তৈরী করা হয়েছে। ফলে জোনওয়ারী, মহাসড়কওয়ারী কিংম্বা দেশের অঞ্চলভিত্তিক ও বছর/সাল ভিত্তিক যে কোন সড়ক সেতুর প্রতিবেদন যে কোন সময় প্রনয়ণ করা সম্ভব। এ সফটওয়্যার ব্যবহার করে ভবিষ্যতে নির্মিতব্য সেতুর তথ্যদি অব্যহতভাবে অন্তর্ভুক্ত করা যাবে। সেতুর এসব তথ্যদি ভবিষ্যতে সেতুর নির্মান ও রক্ষনাবেক্ষনে সহায়তা করবে।

## ৭. Personal Datasheet Web based Report with Printing facility

সওজ এর কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় তথ্য পারসোনাল ডাটাবেইজ সংরক্ষণ করা হয়। কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত তথ্য, পোস্টিং, বদলি, পদোন্নতি, যোগাযোগ এর তথ্য, ট্রেনিং ও চাকরি সংক্রান্ত যাবতীয় তথ্য পারসোনাল ডাটাবেইজ এ সংরক্ষিত আছে এবং নিয়মিত হালনাগাদ করা হয়।এবং সওজ এবং কর্মকর্তা/কর্মচারীদের এর প্রয়োজন অনুসারে বিভিন্ন রিপোর্ট প্রদান করা হয় ।

## ৮. CE, RHD Daily Meeting Schedule System

Meeting Schedule System এ সড়ক ও জনপথ অধিদপ্তর প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রতিদিনের এবং পূর্ব নির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য, সময়, স্থান ইত্যাদি ডাটাবেজে সংরক্ষণ করা হয় এবং কম্পিউটার বা টিভি স্ক্রিনে দেখা যায় এবং পূর্ব নির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য স্ক্রলিং করে দেখতে পারেন। ফলে প্রধান প্রকৌশলী মহোদয় সহজেই প্রতিদিনের এবং পূর্ব নির্ধারিত সভা সম্বন্ধে অবহিত হতে পারেন। Meeting Schedule System সওজ অন্যান্য প্রকৌশলীগণ ও ব্যবহার করতে পারেন।

## ৯. SMS Gateway/ Notification System

সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি বা পদায়ন এর অফিস আদেশ এবং অন্যান্য জরুরি ও প্রয়োজনীয় বার্তা **SMS Gateway** এর মাধ্যমে দ্রুত অবহিত করা সম্ভব হবে।

## ১০. GIS Road Map

সওজ অধিদপ্তরাধীন মহাসড়ক ও সড়কের অবস্থান বাংলাদেশের মানচিত্রে চিত্রিত করা হয়েছে। সওজ এর জোনাল ও বিভাগীয় মহাসড়ক ও সড়ক সমূহের অবস্থান জোনাল ও বিভাগীয় মানচিত্রে আলাদাভাবে সন্নিবেশিত করা হয়েছে।

## ১১. Vehicle & Equipment Management System (VEMS)

সড়ক ও জনপথ অধিদপ্তর এবং এর আওতাধীন সব অফিসে ব্যবহৃত যানবাহন ও সরঞ্জাম এর যাবতীয় তথ্য **VEMS** এ সংরক্ষণ করা হয়। যানবাহন ও সরঞ্জাম এর ধরণ, চেসিস নং, মডেল, ইনভেন্টরী নং, ব্যাটারী সাইজ, এলটমেন্ট অফিসসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা হয় এবং চাহিদা অনুযায়ী রিপোর্ট প্রদান করে সম্ভব।

### ১২. ই-ফাইল

সওজ প্রধান কার্যালয়ে নির্দেশনা মোতাবেক ১০ পাতার নিম্নে সকল চিঠি-পত্র ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হয়।

### ১৩. এক্সেল লোড কন্ট্রোল স্টেশন

মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রন কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ অনুযায়ী অনুমোদিত সীমার অতিরিক্ত ওজন নিয়ন্ত্রন Axle Load Control Station এর কর্মকান্ড ওয়েব বেজড রিমোট মনিটরিং সিস্টেম এর আওতায় আনার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মেঘনা, গোমতী, বাথুলী ও সীতাকুন্ডে এ ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।

### ১৪. হাইওয়ে ডেভেলেপমেন্ট ম্যানেজমেন্ট (HDM)

HDM-4 হাইওয়ে উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য একটি সফটওয়্যার ম্যনেজমেন্ট সিস্টেম। এটি ব্যবহার করে মহাসড়ক এর মেরমত, সংস্কার ও সংরক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণ কাজের প্রয়োজনীয়তা নির্ধারণ করে ও তদানুযায়ী, প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে। ২০১৩ সাল হতে HDM Circle কনসালটেন্সি সার্ভিসের মাধ্যমে মহাসড়কের সার্ভে কার্যক্রম পরিচালনা করে আসছে যেখানে Pavement Inventory, Road Condition Assessment and test pit Survey অন্তর্ভূক্ত। Road Maintenance and Management System (RMMS) এর ডাটার উপর ভিত্তি করে HDM-4 উপাত্ত গ্রহণ করে এবং তা বিশ্লেষণ করে প্রতিবেদন তৈরী করে যাতে পরবর্তীতে মহাসড়ক মেরামত, সংস্কার ও সংরক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারনের ক্ষেত্রে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা সম্ভব হচ্ছে।